# রংপুর সিটি কর্পোরেশন, রংপুর

সাধারণ শাখা

www.rpcc.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

**২৫-৩১ জুলাই/ ২০১৯ইং সারাদেশ ব্যাপী মশক নিধন ও পরিচ্ছন্নতা সপ্তাহ/১৯ পালনের জন্য পর্যালোচনা সভার কার্যবিবরণী ঃ**

সভাপতি ঃ মোঃ মাহমুদুর রহমান
প্যানেল মেয়র-২
রংপুর সিটি কর্পোরেশন।

সভার তারিখ ও বার ঃ ২৩/০৭/২০১৯ খ্রিঃ রোজ মঙ্গলবার, বেলা- ১১:৩০ ঘটিকা।

সভার স্থান ঃ সিটি কর্পোরেশন সভাকক্ষ।

উপস্থিতি ঃ সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | **সকল পর্যায়ে ড্রেন, নালা, খাল জলাশয় মজা পুকুর হতে কচুরিপানাসহ অন্যান্য পরিস্কার করতে হবে।** | যে সকল ড্রেন ময়লা আবর্জনায় ভরা, কেডি ক্যানেল ও শ্যামাসুন্দরী খাল পরিস্কারের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা রসিক। |
| ২ | সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান ওয়ার্ড/পাড়া/ মহল্লাভিত্তিক সকল ড্রেন, নালা, খাল, জলাশয়, মজা পুকুরের তালিকা করবে এবং উক্ত তালিকা অনুযায়ী কোন দিন কোন এলাকায় কাজ করা হবে তার সময়সূচী স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ করবে। | কাজের তালিকা রংপুর সিটি কর্পোরেশনের ওয়েব সাইটে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, রসিক। |
| ৩ | স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ মশক জন্মানোর সকল স্থানে (তালিকা অনুযায়ী ওয়ার্ড/ পাড়া/ মহাল্লাভিত্তিক সময়সূচি নির্ধারণ করে প্রয়োজনীয় লার্ভিসাইড ও সকল স্থানে এডাল্টিসাইড প্রয়োগ করবে। | তালিকা অনুযায়ী মশক জন্মানো স্থানে প্রয়োজনীয় লার্ডি সাইড এডাল্টিসাইড প্রয়েগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা রসিক। |
| ৪ | বসবাড়ী/ সরকারি - বেসরকারী প্রতিষ্ঠানের চারপাশে মশা বিস্তারের স্থানসমূহ সম্পর্কে জনগনকে অবহিত করতে হবেএবং সকলে স্ব উদ্যোগে নিজ নিজ বসতবাড়ি প্রতিষ্ঠান পরিস্কার করবে। | পোস্টার ব্যানার, ফেস্টুনসহ জনসচেতনতা বৃদ্ধি কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রসিক। |
| ৫ | জনগণকে সম্পৃক্ত ও উদ্বুদ্ধকরণের জন্য ব্যাপক প্রচারনার জন্য র‌্যালী, মাইকিং, লিফলেট বিতরণ পোস্টার লাগানোসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ করতে হবে। পরিচ্ছন্ন ও মশকমুক্ত পরিবেশ নিশ্চিত করার জন্য সকল মসজিদের ইমামগণের মাধ্যমে জুম্মার নামাজের পুর্বে খুৎবায় সচেতনতামূলক বক্তব্য প্রচার করতে হবে। | ইসলামিক ফাউন্ডেশনকে পত্র দিয়ে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রসিক। |
| ৬ | এক্ষেত্রে নির্ধারিত স্লোগান এর পাশাপাশি নিম্নবর্ণিত স্লোগান ব্যবাহর করা যেতে পারে :<br>ক) পরিবেশ রাখি পরিস্কার, বন্ধ করি মশার বিস্তার<br>খ) ডেঙ্গুমুক্ত দেশ চাই, পরিস্কার পরিচ্ছন্নতার বিকল্প নাই। | উল্লেখিত স্লোগান ব্যানারে অর্ন্তভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা রসিক। |
| ৭ | শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মন্দির, স্বেচ্ছাসেবী সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন, এনজিও এবং স্কাউট ও রোভারদের এ কাজে সম্পৃক্ত করতে হবে। | শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মন্দির, স্বেচ্ছাসেবী সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন, এনজিও এবং স্কাউট ও রোভারদের এ কাজে সম্পৃক্ত করতে হবে। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রসিক। |
| ৮ | স্থানীয় মিডিয়াকে সম্পৃক্ত করতে হবে এবং তাদের মাধ্যমে প্রচারণা করতে হবে। বিশেষ করে স্থানীয় ক্যাবল অপারেটরদের সহযোগিতা গ্রহণ করতে হবে। | স্থানীয় মিডিয়াকে সম্পৃক্ত ও তাদেও মাধ্যমে প্রচারণার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা, রসিক। |
| ৯ | সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান/দপ্তর সংস্থার মধ্যে পারস্পারিক সমন্বয় নিশ্চিত করতে হবে। | জনপ্রতিনিধি কর্মকর্তা/ কর্মচারী সকলে সম্মিলিত ভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা, রসিক। |
| ১০ | জনগণকে মশাবাহিত রোগ ও স্বাস্থ্য বিষয়ক পরামর্শ প্রদান করতে হবে। | স্বাস্থ্যকর্মীদের মাধ্যমে বাড়ী বাড়ী গিয়ে উল্লেখিত বিষয়ে পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রসিক। |
| ১১ | ডেঙ্গুরোগী চিহ্নিত হলে তার চিকিৎসার ব্যবস্থা করতে হবে। | এখন পর্যন্ত চিহ্নিত হয় নি, তবে আগাম প্রস্তুতি নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রসিক। |

| | | | |
|---|---|---|---|
| ১২ | সিটি কর্পোরেশন/ পৌরসভায় ওয়ার্ড ভিত্তিক এবং উপজেলায় ইউনিয়নভিত্তিক ১জন করে কর্মকর্তাকে ট্যাগ অফিসার হিসেবে নিয়োগ করে কর্মসূচীর যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ৩৩টি ওয়ার্ডে ট্যাগ অফিসার নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা, রসিক। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মাহমুদুর রহমান
প্যানেল মেয়র-২
রংপুর সিটি কর্পোরেশন।

স্মারক নং - ৪৬.১৮.০০০০.১০১.৩১.০০১.১৯-২২৮৯

তারিখ ঃ ৭ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ / ২২ জুলাই ২০১৯ খ্রিষ্টাব্দ

অনুলিপি ঃ ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, রংপুর।
৪। সম্মানিত কাউন্সিলরবৃন্দ, রংপুর সিটি কর্পোরেশন।
৫। সচিব, রংপুর সিটি কর্পোরেশন।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর সিটি কর্পোরেশন।
৭। নির্বাহী প্রকৌশলী, রংপুর সিটি কর্পোরেশন।
৮। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (চঃদা), রংপুর সিটি কর্পোরেশন।
১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
১১। নগর পরিকল্পনাবিদ, রংপুর সিটি কর্পোরেশন।
১২। বস্তি উন্নয়ন কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
১৩। সহকারী প্রকৌশলী (অঃ দাঃ), পানি সরবরাহ শাখা, রংপুর সিটি কর্পোরেশন।
১৪। সহকারী প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশন।
১৫। মেয়র মহোদয়ের সহকারী একান্ত সচিব (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য), রংপুর সিটি কর্পোরেশন।
১৬। ..........................................................................রংপুর সিটি কর্পোরেশন।
১৭। শাখা প্রধান (সকল) রংপুর সিটি কর্পোরেশন।
১৮। অফিস নথি

মোঃ আকতার হোসেন আজাদ
প্রধান নির্বাহী কর্মকর্তা
রংপুর সিটি কর্পোরেশন
ফোন ঃ ০৫২১-৬৪৯৪২
ফ্যাক্স ঃ ০৫২১- ৫৫৯৭০
ই-মেইলঃ ceo@rpcc.gov.bd.